৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিওএস সার্কুলার লেটার নং-২৪

তারিখ ঃ ২১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
০৫ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংকিং কার্যক্রম সকল বন্দরেই ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখা প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ০৭/১২/২০০৬ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৮-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক এক্ষণে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৭/০৬/২০১৯ তারিখের পত্রের (নম্বর-৫৩.০০.০০০০.৩১১.৯৯.০২৬.১৭-৩৪৫; *কপি সংযুক্ত*) প্রেক্ষিতে রপ্তানী আয় ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সমুদ্রবন্দর, স্থলবন্দর ও বিমানবন্দরের কার্যক্রম সার্বক্ষণিক পরিচালনার জন্য বন্দর কর্তৃপক্ষের ন্যায় বন্দরস্থ ব্যাংক শাখা/বুথের কার্যক্রম পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার জন্য নির্দেশ দেয়া হলো। এক্ষেত্রে প্রয়োজনে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে দ্বিপাক্ষিক আলোচনা করে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৮১

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(কেন্দ্রীয় ব্যাংক শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৩১১.৯৯.০২৬.১৭- ৬৪৫

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৬
২৭ জুন ২০১৯

বিষয়: গত ১২ মে ২০১৯ তারিখে সচিব-সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সংক্রান্ত

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের আধাসরকারি পত্র: ০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-৪৯; তারিখঃ ১৫/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয়ে বিগত ১২ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তের হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি আগামী ০১ জুলাই ২০১৯ তারিখের মধ্যে ই-মেইলযোগে [akbarbfid@gmail.com এবং ac.cb@fid.gov.bd] প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'লঃ-

''রপ্তানি আয় ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সমুদ্রবন্দর, স্থলবন্দর ও বিমানবন্দরের কার্যক্রম সার্বক্ষণিক পরিচালনার জন্য বন্দর কর্তৃপক্ষের ন্যায় কাস্টমস ও ব্যাংকিং কার্যক্রম সকল বন্দরেই ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখতে হবে।''

27.06.19
মোঃ মহিন উদ্দিন
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৮৪২৪৪

| গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক | |
|---|---|
| ডাইরী নং- ৫১৭৫ | তারিখ ঃ ৮/৭/১৯ |
| ডেপুটি গভর্নর-১ | ☐ জরুরী |
| ডেপুটি গভর্নর-২ | ☐ দ্রুত ব্যবস্থা নিন |
| ডেপুটি গভর্নর-৩ | ☐ দ্রুত আলোচনা করুন |
| নির্বাহী পরিচালক- | ☐ পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন |
| এমআরএ/এসপিসিবিএল | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| জিএম | ☐ উপস্থাপন করুন |
| | স্বাক্ষর ঃ |

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
[দৃ:আ: মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন]

বাংলাদেশ ব্যাংক
ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
(জিএম শাখা)
প্রধান কার্যালয়, ঢাকা।
ডাইরী নং 13052
তারিখ 10.7.19

অনুলিপি:

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা

ডেপুটি গভর্নর-১ মহোদয়ের শাখা

| ডাইরী নং- ৮৮৮ | তারিখঃ ৯/৭/১৯ |
|---|---|
| ইডি-১২ | |
| ইডি- গবেষণা / পরিসংখ্যান | ইডি- ISDSD / ICTIMMD |
| স্বাক্ষরঃ | |

F:\Cabinet Division\Cabinat Devision Latter.doc

7-৬-                                                          ই-নথিতে পেশ করুন                12

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

| সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | |
|---|---|
| ডাইরী নম্বরঃ | তারিখঃ ২০/৫/১৯ |
| অতিরিক্ত সচিব ব্যাংকিং | দ্রুত ব্যবস্থা নিন |
| যুগ্ম- সচিব | আলোচনা করুন |
| উপ- সচিব | জরুরী |
| সিনিয়র সহকারী সচিব | উপস্থাপন করুন |
| একান্ত সচিব | নথিভুক্ত |
| | স্বাক্ষরঃ |

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-৪৯                    তারিখঃ ০১ জ্যৈষ্ঠ ১৪২৬/১৫ মে ২০১৯

প্রিয় সহকর্মী,

গত ১২ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় সক্রিয় অংশগ্রহণ এবং গঠনমূলক আলোচনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ সভায় আপনি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মূল্যবান মতামত প্রদান ও সুপারিশ পেশ করেছেন। সে আলোকে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ আপনার অবগতি ও কার্যক্রম গ্রহণের সুবিধার্থে নিম্নে তুলে ধরছিঃ

১) রপ্তানি আয় ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সমুদ্রবন্দর, স্থলবন্দর ও বিমানবন্দরের কার্যক্রম সার্বক্ষণিক পরিচালনার জন্য বন্দর কর্তৃপক্ষের ন্যায় কাস্টমস ও ব্যাংকিং কার্যক্রম সকল বন্দরেই ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখতে হবে;

২) জরুরি দুর্যোগ মোকাবেলার জন্য পর্যাপ্ত বাজেট বরাদ্দ রাখতে হবে এবং দুর্যোগকালীন সকল মন্ত্রণালয়/বিভাগ-কে সমন্বিতভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে;

৩) বাংলাদেশ সচিবালয়ের নতুন ভবনের নির্মাণ কাজ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে এবং ভবন নির্মাণ সমাপ্তির পূর্বেই মন্ত্রণালয়/বিভাগের সাথে পরামর্শক্রমে কক্ষ বরাদ্দের কাজ সম্পাদন করতে হবে;

৪) সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর চলাকালে এবং বাজেট পেশের সময়ে মন্ত্রণালয়/বিভাগের সচিব/প্রতিনিধি উপস্থিত থেকে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীদের সহযোগিতা করবেন;

৫) প্রকল্প প্রণয়নে ব্যাংক সুদের হারের সঙ্গে সামঞ্জস্য রেখে Discount factor নির্ধারণ করার বিষয়টি পর্যালোচনা করা যেতে পারে;

৬) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭) সরকারের ফাস্ট ট্র্যাকভুক্ত প্রকল্পসমূহ যথাসময়ে সম্পন্ন করতে নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে;

৮) দাপ্তরিক কাজে আরও গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থায় ই-নথি কার্যক্রম বাড়ানোর উদ্যোগ নিতে হবে;

৯) KPI ভুক্ত স্থাপনাগুলোতে স্ব-উদ্যোগে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়গুলোতেও প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০) মধ্যপ্রাচ্যের চিহ্নিত ট্রানজিট পয়েন্টসহ বিদেশ থেকে বাংলাদেশী নাগরিকদের travel pass ইস্যুর ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাক-পরিচয় যাচাই করতে হবে;

৩২৭৭    ২৮/৫/১৯

১১) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার শূন্য পদে নিয়োগ কার্যক্রম চলমান রাখতে হবে;

১২) ১১ তম গ্রেড থেকে ২০ তম গ্রেডের বিদ্যমান শূন্য পদ জরুরিভিত্তিতে পূরণের নিমিত্তে পৃথক কমিশন গঠন করা যায় কি না সে বিষয়ে বিদ্যমান বিধি বিধান পরীক্ষা নিরীক্ষাপূর্বক সিনিয়র সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ একটি অবস্থানপত্র তৈরী করবেন;

১৩) সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগসমূহের যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। প্রকল্প প্রণয়নে 'আমার গ্রাম আমার শহর', 'তারুণ্যের শক্তি' এবং 'সুশাসন'-এ ৩ টি বিষয়ে গুরুত্বারোপ করতে হবে;

১৪) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় চলমান প্রকল্পের যথাযথ বাস্তবায়নে সচিবগণ বিশেষ উদ্যোগ গ্রহণ করবেন;

১৫) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব-সভা করার লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগের গুরুত্বপূর্ণ কোন বিষয় উপস্থাপনযোগ্য হলে তা আগামী এক সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

২। সচিব-সভার উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

(মোহাম্মদ শফিউল আলম)

জনাব মোঃ আসাদুল ইসলাম
সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ